

2 0 1 4

BENGALI

( Major )

Paper : 5.4

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

- (ক) 'পালামৌ' রচনাকালে সঞ্জীবচন্দ্রের বয়স কত ছিল ?
- (খ) কোল জাতির পুরুষেরা কী কাজ করতো ?
- (গ) পালামৌ অঞ্চলের রমনীদের গায়ের রঙ কী ছিল ?
- (ঘ) শব্দ কণ্ডাক্তর (conductor) কী ?
- (ঙ) রবীন্দ্রনাথ রেঙ্গুনে কত তারিখে পৌঁছেছিলেন ?
- (চ) রেঙ্গুনের বৌদ্ধমন্দিরে পূজার সামগ্রী কারা বিক্রি করছিল ?
- (ছ) জাপানের বিখ্যাত চিত্রকরের নাম কী ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “পাহাড় এখান হইতে অধিক দূর, আপনি সন্ধ্যার মধ্যে তথায় পৌঁছিতে পারিবেন না।” কে, কাকে বলেছিল ?
- (খ) কত রাত্রিতে সঞ্জীবচন্দ্র ছোটনাগপুরের উদ্দেশে রওয়ানা দিয়েছিলেন? সেখান থেকে পালামৌ কতদিনে পৌঁছেছিলেন ?
- (গ) জাপান ইউরোপের কাছ থেকে কোন্ দুটি দীক্ষা গ্রহণ করেছে ?
- (ঘ) আধুনিক জাপানের দুই সর্বশ্রেষ্ঠ শিল্পীর নাম কী ছিল ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) হাজারিবাগে যে ভদ্রলোকের বাড়িতে সঞ্জীবচন্দ্রের আহ্বারের ব্যবস্থা হয়েছিল সেই ভদ্রলোকটির চরিত্র বর্ণনা করো।
- (খ) লেখক সঞ্জীবচন্দ্র বরাকর নদী পার হওয়ার সময়ে কোল বালক-বালিকার পয়সা চাওয়ার যে দৃশ্যটি অঙ্কন করেছেন তার বর্ণনা দাও।
- (গ) পাথরের গায়ে একটি অস্থখ গাছ দেখে লেখকের মনে কী ভাবের উদয় হয়েছিল, বর্ণনা করো।
- (ঘ) আমাদের এই জাপানি কাপ্তেনের একটু বিশেষত্ব আছে।—এই ‘বিশেষত্ব’টি কী, আলোচনা করো।
- (ঙ) ইরাবতী নদী দিয়ে রেঙ্গুন শহরের কাছাকাছি আসার পর লেখকের সামনে ব্রহ্মদেশের প্রথম পরিচয়টি কীভাবে হয়েছিল, বর্ণনা করো।

- 8। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) ‘পালামৌ’ গ্রন্থটি অবলম্বনে কোলেদের বিবাহোপলক্ষে ব্যয়জনিত দুর্দশার বিবরণ দাও।
- (খ) ‘পালামৌ’ গ্রন্থটি অবলম্বনে সংজীবচন্দ্রের সৌন্দর্যদৃষ্টির পরিচয় দাও।
- (গ) ‘পালামৌ’-তে ব্যাঘ্র শিকারের যে কাহিনি আছে, তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

খ—গুচ্ছ

- (ক) ‘জাপানযাত্রী’ অবলম্বনে জাপানিদের সৌন্দর্যবোধ সম্পর্কে আলোচনা করো।
- (খ) জাহাজ বন্দরে এসে পৌঁছালে জাহাজঘাটে চীনা মজুরদের কাজ দেখে রবীন্দ্রনাথের মনে যে ভাবের উদয় হয়েছিল, তোমার নিজের ভাষায় বর্ণনা করো।
- (গ) ‘জাপানযাত্রী’ অবলম্বনে জাপানি কবিতার পরিচয় দাও।

\*\*\*